

## ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ	:	১৩ জুলাই, ২০১৪
সময়	:	বিকাল ০৫-৩০ টা
স্থান	:	সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি	:	ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
	:	ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৪-২০১৫ আর্থিক সালের বাজেট সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার আলোচ্যসূচীর উপর আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতভাবে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ঃ গত ২৫ জুন, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।  
গৃহীত সিদ্ধান্তঃ গত ২৫, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ ২০১৪-২০১৫ আর্থিক সালের বাজেট অবলোকন ও অনুমোদন।  
গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার কর্তৃক সভায় বাজেট উপস্থাপন করা হয়। উপস্থাপিত বাজেটের উপর আলোচনায় অংশ গ্রহণ করে সর্বসম্মতভাবে মত প্রকাশ করা হয় যে, বোর্ডের আয়ের তুলনায় ব্যয় অনেক বেশী হওয়ায় নতুন-নতুন আয়ের খাত চালুকরণসহ বিদ্যমান আয়ের খাতসমূহের হার যুক্তিযুক্তভাবে বৃদ্ধি করতে হবে। একটি স্বায়ত্বশাসিত সংস্থা হিসেবে নিজস্ব আয়ের উৎস দ্বারা প্রতিষ্ঠান পরিচালনা হওয়ার কথা থাকলে জনসেবামূলক প্রতিষ্ঠান হিসেবে নিম্নবর্ণিতভাবে ঘাটতি বাজেট অনুমোদনসহ আয়ের খাত/হার বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হলো :-


(ক) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২০১৪-২০১৫ অর্থ বৎসরের ২৩,৭৫,৯২,০০০/- তেইশ কোটি পচাত্তর লক্ষ বিরানব্বই হাজার) টাকার বোর্ড ফান্ড প্রকল্পসহ সর্বমোট ৭২,২৪,১০,০০০/- (বাহাত্তর কোটি চব্বিশ লক্ষ দশ হাজার) টাকার প্রস্তাবিত বাজেট এবং ডিওএইচএসসমূহের প্রকল্প বাবদ ১৩,১৮,০০,০০০/- (তের কোটি আঠার লক্ষ) টাকার বাজেট বোর্ড সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

(খ) ক্যান্টনমেন্ট বোর্ডের আয় বৃদ্ধির জন্য নিম্নবর্ণিত আয়ের খাতসমূহ চালু করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

- (১) ঢাকা সেনানিবাসে পরিচালিত কনভেনশন সেন্টার হতে কঞ্জারভেন্সী চার্জ বাবদ প্রতি অনুষ্ঠান হতে বেসামরিক ব্যক্তিবর্গের নিকট হতে ২,০০০/- টাকা এবং সামরিক ব্যক্তিবর্গের নিকট হতে ১,০০০/- টাকা আদায়।
- (২) নকশা অনুমোদন ফি বর্গফুট হিসেবে নির্ধারণ। ফি এর হার আগামী বোর্ডসভায় নির্ধারণ করা হবে।
- (৩) মহাখালী ডিওএইচএস এলাকার পরিবেশ উন্নয়নের জন্য 'ব্রিটিশ আমেরিকান টোবাকো বাংলাদেশ (বিএটিবি)' হতে বাৎসরিক এক কোটি টাকা অনুদান গ্রহণ।
- (৪) ঢাকা সেনানিবাসস্থ বিভিন্ন মসজিদ সংস্কার ও উন্নয়নের জন্য প্রতিষ্ঠানিক/ব্যক্তিগত দান গ্রহণ।
- (৫) বনানী কবরস্থান উন্নয়নের জন্য আর্মি/নেভী/এয়ার ফোর্স এর কল্যাণ ট্রাস্ট হতে অনুদান গ্রহণ।
- (৬) ঢাকা সেনানিবাসস্থ 'সি' শ্রেণীর জমিতে প্রতিষ্ঠিত লাভজনক প্রতিষ্ঠানের নিকট হতে ভূমি কর এবং গৃহকর আদায়।
- (৭) ডিওএইচএসসমূহ থেকে যথাযথভাবে ময়লা-আবর্জনা অপসারণের নিমিত্তে মাস্টাররোলে অতিরিক্ত জনবল নিয়োগের নিমিত্তে প্রতিটি ডিওএইচএস পরিষদ কর্তৃক দৈনিক ২জন শ্রমিকের মজুরী প্রদান।

- (৮) ডিওএইচএসসমূহের আবাসিক বাড়ীর গৃহকর পুনর্বিবেচনার জন্য ডিওএইচএস সংলগ্ন সিটি কর্পোরেশন এলাকার গৃহকরের তুলনামূলক চিত্রসহ যে সকল বাড়ী বাণিজ্যিক প্রতিষ্ঠান/অফিস হিসেবে ভাড়া দেয়া হয়েছে তাদের নিকট হতে বাণিজ্যিক হারে গৃহকর আদায়ের নিমিত্তে সাময়িক অফিসার আবাসিক প্রকল্প কমিটির পরবর্তী সভায় প্রস্তাব উত্থাপন।
- (৯) রজনীগন্ধা সুপার মার্কেটের ভাসমান হকারদের নিকট হতে দৈনিক ৩০/- (ত্রিশ) টাকা করে হকার চার্জ আদায়।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
১৩.০৭.২০১৪

(মোঃ রেজাউল ইসলাম)  
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার  
ঢাকা ক্যান্টনমেন্ট।



(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)

প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও

স্টেশন কমান্ডার  
ঢাকা সেনানিবাস।